

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

[মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক]

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ জ্যৈষ্ঠ, ১৪৩২ বঙ্গাব্দ / ২৭ মে, ২০২৫ খ্রিষ্টাব্দ।

এস.আর.ও. নং-১৭২-আইন/২০২৫/৩০০-মুসক।— সরকার, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, ২৮ জুন, ২০২২ খ্রিষ্টাব্দে জারীকৃত প্রজ্ঞাপন এস.আর.ও. নং-২২৯-আইন/২০২২/২০১-মুসক এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত প্রজ্ঞাপনের—

- (ক) ক্ষমতাপ্রদান অংশে উল্লিখিত “Customs Act, 1969 (Act No. IV of 1969)” এর পরিবর্তে “কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)” এবং “স্থানীয় উৎপাদন পর্যায়ে ৫ (পাঁচ) শতাংশের অতিরিক্ত মূল্য সংযোজন কর” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনীর পরিবর্তে “এর স্থানীয় উৎপাদন পর্যায়ে ৩০ জুন ২০২৭ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৫ (পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর, ১ জুলাই ২০২৭ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন ২০২৯ খ্রিষ্টাব্দ পর্যন্ত ৭.৫ (সাত দশমিক পাঁচ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর এবং ১ জুলাই ২০২৯ খ্রিষ্টাব্দ হইতে ৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ পর্যন্ত ১০ (দশ) শতাংশ এর অতিরিক্ত মূল্য সংযোজন কর” শব্দগুলি, সংখ্যাগুলি ও চিহ্নগুলি প্রতিস্থাপিত হইবে;
- (খ) অনুচ্ছেদ ২ এ উল্লিখিত “৩০ জুন, ২০২৫ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি, শব্দগুলি ও কমার পরিবর্তে “৩০ জুন ২০৩০ খ্রিষ্টাব্দ” সংখ্যাগুলি ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই ২০২৫ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

(মোঃ আবদুর রহমান খান এফসিএমএ)
সচিব